বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২ ২৫- ৬৬ তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৫

**পরিপত্র-১০**

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee) -এর কর্মকর্তাগণের আনুষঙ্গিক খাতে প্রদত্ত অর্থের ব্যয় নির্বাহসহ বিবিধ প্রসংগে।**

বাংলাদেশ নির্বাচন কমিশন, The Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972) এর Article 91A এবং 91AA-এ প্রদত্ত ক্ষমতাবলে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন-পূর্ব অনিয়ম প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে ৩০০ (তিনশত) টি সংসদীয় আসনের প্রত্যেকটিতে ০১(এক) জন করে বিচার বিভাগীয় কর্মকর্তার সমন্বয়ে ৩০০ (তিনশত) টি নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee) গঠন করেন।

২। নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)-তে নিয়োজিত কর্মকর্তাগণের দায়িত্ব পালন সংক্রান্ত জ্বালানী ও আপ্যায়ন ব্যয়সহ বিভিন্ন ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত কমিটি বিধি মোতাবেক আয়কর-ভ্যাট কর্তনপূর্বক জ্বালানি ব্যয়ের যথাযথ ভাউচার সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণ করবেন।

৩। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গঠিত নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee) সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কার্যে ব্যয় নির্বাহের নিমিত্ত প্রয়োজনীয় অর্থ সকল বিজ্ঞ জেলা ও দায়রা জজ এর অনুকূলে প্রেরণ করা হয়েছে এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ অবিলম্বে বরাদ্দকৃত অর্থ IBAS++ সফটওয়্যারের সংশ্লিষ্ট কোড হতে উত্তোলনপূর্বক নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)-এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রদান করবেন।

৪। জাতীয় সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ এর বিধি ৫ অনুসারে নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)-এর কর্মকর্তাগণ সরকারি রেস্ট হাউজ, সার্কিট হাউজ, সরকারি ডাক বাংলো ব্যবহারে অগ্রাধিকার পাবে।

৫। নির্বাচন-পূর্ব অনিয়ম সংক্রান্ত অভিযোগ বা ঘটনা গ্রহণের নিমিত্ত প্রত্যেক জেলা নির্বাচন অফিস, উপজেলা/থানা নির্বাচন অফিস ও সংশ্লিষ্ট নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)-এর আদালত কক্ষের সম্মুখে অভিযোগ বক্স স্থাপন করবেন এবং অভিযোগপত্রসমূহ জেলা নির্বাচন অফিসার, উপজেলা/থানা নির্বাচন অফিসার সংশ্লিষ্ট নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)-এর নিকট প্রেরণ করবেন।

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

৬। নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)-এর অনুসন্ধান সংক্রান্ত নোটিশ জারির ক্ষেত্রে জেলা ও দায়রা জজ আদালতের জারিকারকদের নির্দেশনা প্রদানের জন্য সংশ্লিষ্ট বিজ্ঞ জেলা ও দায়রা জজকে অনুরোধ করা হলো।

৭। বর্ণিত নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (Electoral Enquiry and Adjudication Committee)-এর চাহিদা অনুসারে প্রয়োজনীয় সহায়তা প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৯১কক (২) মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

14.12.25

(মোহাম্মদ দিদার হোসাইন)
উপসচিব (আইন-১)
ফোন: ০২-৫৫০০৭৬০৭

১। জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার,......সকল)
২। জনাব যুগ্ম জেলা ও দায়রা জজ/সিনিয়র সহকারী জজ/সহকারী জজ
নির্বাচনি অনুসন্ধান কমিটি

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.২৩- ৬৬

তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়):

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
৩. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ,...... (সকল)
৪. বিভাগীয় কমিশনার,... (সকল বিভাগ)
৫. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৭. মহাপরিচালক; নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৮. পুলিশ কমিশনার,.... (সকল মেট্রোপলিটন পুলিশ এরিয়া)
৯. উপমহাপুলিশ পরিদর্শক,.... (সকল)
১০. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,.... (সকল)
১১. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,.... (সকল)
১২. জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার,.... (সকল)
১৩. পুলিশ সুপার,.... (সকল)
১৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,.... (সকল অঞ্চল)
১৫. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৬. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার,....(সকল) (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
১৭. সহকারী রিটার্নিং অফিসার,.... (সকল)
১৮. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.... (সকল)
১৯. উপজেলা নির্বাহী অফিসার,.... (সকল)
২০. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:-১)/ (বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. উপজেলা নির্বাচন অফিসার,.... (সকল)
২৫. অফিসার ইনচার্জ, .... (সকল)
২৬. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

14.12.25

(মোহাম্মদ দিদার হোসাইন)
উপসচিব (আইন-১)
ফোন: ০২-৫৫০০৭৬০৭

অ
নির্ব